(অধ্যায়- ৩, ৬, ৮)

# বিশেষ অনুশীলন (২)-২০২০

শ্রেণি: সপ্তম

বিষয় :বাংলাদেশ ও বিশ্বপরিচয় (সৃজনশীল)

সময় : ৭৫ মিনিট — পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য ঃ নিম্নলিখিত বহু নির্বাচনি প্রশ্নগুলোর সঠিক উত্তরটি খাতায় লেখ। প্রত্যেক প্রশ্নের মান-১]

১। শিশুর ভাষা শিক্ষার প্রথম মাধ্যম কে?
ক) বাবা খ) মা
গ) দাদা ঘ) ভাইবোন

২। পরিবর্তনশীল পরিবার বলতে কী বোঝায়?
ক) ধরন পরিবর্তন হওয়া পরিবার
খ) ঐতিহ্য পরিবর্তন হওয়া পরিবার
গ) ক্ষমতা পরিবর্তন হওয়া পরিবার
ঘ) দায়িত্ব পরিবর্তস হওয়া পরিবার

৩। শিশুর বেড়ে উঠার প্রথম সূতিকাগার কেনাটি?
ক) পরিবার খ) ধর্মীয় প্রতিষ্ঠান
গ) শিক্ষা প্রতিষ্ঠান ঘ) খেলার সাথি

নিচের উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও ঃ

সাধারণত পরিবারে শিশুদের 'ক' বিষয়ে শিক্ষা দেওয়া হয়। কিন্তু বর্তমানে সময় পরিবর্তনের সাথে এই বিষয়ে পরিবারের ভূমিকা দুর্বল হয়ে পড়েছে, যা শিশুর সামাজিকীকরণে প্রভাব ফেলছে। তবে সাম্প্রতিক সময়ে ভিসিডি, ক্যাসেট ইত্যাদির মাধ্যমে এ বিষয়ে শিক্ষা দেওয়া হলেও প্রকৃত মূল্যবোধ তৈরি হচ্ছে না।

৪। 'ক' দ্বারা যে বিষয়টি ইঙ্গিত করছে-
ক) শিক্ষা খ) ধর্ম
গ) আদর্শ ঘ) মূল্যবোধ

৫। উক্ত বিষয়টি শিশুকে–
i. মানবিক করে তোলে
ii. নৈতিক জ্ঞান দান করে
iii. সুশৃঙ্খল করে তোলে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

৬। শহুরে পরিবারগুলো ক্ষুদ্রাকার হয় কেন?
ক) পেশাগত কারণে
খ) ব্যক্তি-স্বাতন্ত্র্যবোধের কারণে
গ) বাসস্থানের সমস্যার কারণে
ঘ) শিক্ষাব্যবস্থা পরিবর্তনের ফলে

৭। কোথায় থেকে মানব জাতির বিকাশ লাভ ঘটেছে?
ক) সমাজ খ) পরিবার
গ) রাষ্ট্র ঘ) শিক্ষা প্রতিষ্ঠান

৮। শিশুর সুষ্ঠু সামাজিকীকরণের জন্য কী প্রয়োজন?
ক) সুন্দর প্রাকৃতিক পরিবেশ
খ) অর্থনৈতিক চাহিদা পূরণ
গ) সুন্দর পারিবারিক পরিবেশ
ঘ) পারিবারিক মনোমালিন্য

৯। কোনটি শিশুর সামাজিকীকরণকে বাধাগ্রস্থ করে?
ক) ভাই-বোনদের সাথে সম্পর্ক
খ) পারস্পারিক সহযোগিতামূলক সম্পর্ক
গ) মায়ের অধিক স্নেহ
ঘ) সামাজিক নীতিবোধ

১০। কোনটি শিশুর গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান?
ক) বিদ্যালয় খ) সমাজ
ঘ) ধর্মীয় প্রতিষ্ঠান ঘ) পরিবার

১১। পারিবারিক বিশৃঙ্খলার ফলে শিশুর আচরণে দেখা যায়–
i. শৃঙ্খলাবোধ
ii. একাকীত্ববোধ
iii. আত্মকেন্দ্রিক মনোভাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১২। বাংলাদেশের জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসন সংখ্যা কতটি?
ক) ৩০টি খ) ৪০টি
গ) ৫০টি ঘ) ৬০টি

১৩। নির্বাচন গুরুত্বপূর্ণ, কারণ–
i. সকলে মিলে দেশ শাসন সম্ভব নয়
ii. নির্বাচনে পছন্দমতো প্রতিনিধি নির্বাচন করা যায়
iii. এটি একটি গণতান্ত্রিক প্রক্রিয়া
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৪। সিটি কর্পোরেশনের প্রধানকে কী বলা হয়?
ক) কাউন্সিলর খ) চেয়ারম্যান
গ) মেয়র ঘ) সচিব

১৫। জেলা পরিষদে সংরক্ষিত মহিলা আসনের সদস্য কতজন?
ক) ১ খ) ৩
গ) ৫ ঘ) ৯

১৬। নিচের কোন জেলাটি পার্বত্য জেলার অন্তর্গত?

ক) চট্টগ্রাম খ) ময়মনসিংহ

গ) রাঙ্গামাটি ঘ) কক্সবাজার

নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও ঃ

জনাব 'ক' একটি স্থানীয় পর্যায়ের নির্বাচনের নির্বাচিত জনপ্রতিনিধি। তিনিসহ এই স্থানীয় সরকার কাঠামোর সদস্য সংখ্যা ১৩ জন।

১৭। জনাব 'ক' কোন নির্বাচনে নির্বাচিত হয়েছেন?

ক) ইউনিয়ন পরিষদ খ) পৌরসভা

গ) জেলা পরিষদ ঘ) উপজেলা পরিষদ

১৮। উক্ত স্থানীয় সরকারের বৈশিষ্ট্য হলো–

i. একজন চেয়ারম্যান

ii. দুইজন ভাইস চেযারম্যান

iii. তিনজন সংরক্ষিত মহিলা চেযারম্যান

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১৯। বাংলাদেশের জাতীয় পর্যায়ে সাধারণত কয় ধরনের নির্বাচন অনুষ্ঠিত হয়?

ক) এক খ) দুই

গ) তিন ঘ) চার

২০। বর্তমানে দেশে কয়টি পৌরসভা আছে?

ক) ২৬৫টি খ) ৩২৭টি

গ) ৪৯২টি ঘ) ৪৫৫৪টি

২১। ভোট দান নাগরিকের কোন ধরনের অধিকার?

ক) সামাজিক খ) পারিবারিক

গ) রাজনৈতিক ঘ) অর্থনৈতিক

২২। জাতীয় সংসদ নির্বাচনে পুরো দেশকে কয়টি নির্বাচনি এলাকায় বিভক্ত করা হয়?

ক) ৫০টি ঘ) ২৫০টি

গ) ৩০০টি ঘ) ৩৫০টি

২৩। উপজেলা চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতার জন্যে নাগরিককে কমপক্ষে কত বছর বয়স হতে হবে?

ক) ১৮ বছর খ) ২৫ বছর

গ) ৩০ বছর ঘ) ৩৫ বছর

২৪। রাষ্ট্রপতি সাধারণত কত বছরের জন্য নির্বাচিত হয়?

ক) ৩ খ) ৪

গ) ৫ ঘ) ১০

২৫। নারী অধিকার কোন অধিকারের অন্তর্ভূক্ত?

ক) মানবাধিকার খ) মৌলিক মানবাধিকার

গ) অর্থনৈতিক অধিকার খ) রাজনৈতিক অধিকার

২৬। কত সালে জাতিসংঘ মানবাধিকার সনদ প্রকাশ করে?

ক) ১৯৪৫ খ) ১৯৪৭

গ) ১৯৪৮ ঘ) ১৯৫২

২৭। আবেগীয় ক্ষেত্রে স্বাস্থ্যসেবা পাওয়া প্রবীণদের কোন ধরনের অধিকার?

ক) স্বাধীনতা সংশ্লিষ্ট খ) উন্নয়ন মর্যাদা সংশ্লিষ্ট

গ) পরিচর্যা সংশ্লিষ্ট ঘ) অংশগ্রহণ সংশ্লিষ্ট

নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও ঃ

'ক' প্রতিষ্ঠানটি শেরে বাংলানগর, ঢাকাতে অবস্থিত। এই প্রতিষ্ঠানটি প্রবীণদের কল্যাণে নিয়োজিত, যা বেসরকারিভাবে তাদের কার্যক্রম পরিচালনা করে থাকে।

২৮। 'ক' প্রতিষ্ঠানটি কী নামে পরিচিত?

ক) প্রবীণ হিতৈষী সংঘ ও জরা বিজ্ঞান প্রতিষ্ঠান

খ) বাংলাদেশ অবসর প্রাপ্ত সরকারি কল্যাণ সমিতি

গ) ঝরা পাতা

ঘ) রোটারি ক্লাব

২৯। উক্ত প্রতিষ্ঠানটি যেভাবে ভুমিকা রাখে তাহলো–

i. স্বাস্থ্য সেরা দান

ii. পুনর্বাসন

iii. ধর্মীয় অনুষ্ঠান উদযাপন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

৩০। ভালো ছাত্রী হয়েও অনেক সময় মেয়েরা পড়ালেখার সুযোগ পায় না কেন?

ক) পড়ালেখায় আগ্রহ না থাকায়

খ) কম বয়সে বিয়ে হওয়ার কারণে

গ) অর্থের অভাবে

ঘ) শিক্ষা প্রতিষ্ঠানের অভাবে

## সৃজনশীল

১। একটি শিশু ছোট থেকে বড় হওয়া পর্যন্ত একটি শিখন প্রক্রিয়ার মাধ্যমে শিক্ষা লাভ করে থাকে। এই প্রক্রিয়ার মাধ্যমে শিশুটি সবার সাথে সহজে খাপ খেয়ে চলতে পারে। ফলে সবার সাথে শিশুর সুসম্পর্ক গড়ে উঠে। তবে এ প্রক্রিয়ার মাধ্যমে শিশুর শিক্ষা লাভের জন্য পরিবার, আত্মীয়-স্বজন, প্রতিবেশি, বিদ্যালয় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

ক) একক পরিবার কাকে বলে? ১
খ) পরিবর্তনশীল বলতে কী বোঝায়? ২
গ) উদ্দীপকে কোন প্রক্রিয়াটির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) উক্ত প্রক্রিয়া ক্ষেত্রে পরিবার কীধরনের ভূমিকা রাখছে তা বিশ্লেষণ কর। ৪

২। জনাব 'ক' সাহেব একটি সাংবিধানিক প্রক্রিয়ার মাধ্যমে একটি জাতীয় পর্যায়ে পাঁচ বছরের জন্য নির্বাচিত হন। তিনি যে প্রতিষ্ঠানের সদস্য হিসেবে নির্বাচিত হন সেখানে জনগণের প্রত্যক্ষ ভোটে তিনিসহ ৩০০ জন নির্বাচিত সদস্য আছে। বর্তমানে এই সাংবিধানিক প্রক্রিয়ার মাধ্যমে জনপ্রতিনিধি নির্বাচিত হয় বলে আধুনিক রাষ্ট্রে গণতন্ত্রের ভিত্তি অনেক মজবুত।

ক) নির্বাচনি এলাকা কাকে বলে? ১
খ) গণভোট বলতে কী বোঝায়? ২
গ) উদ্দীপকে জনাব 'ক' সাহেবের নির্বাচনটি দ্বারা জাতীয় পর্যায়ের কোন নির্বাচনকে ইঙ্গিত করেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ) আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্রে উক্ত সাংবিধানিক প্রক্রিয়াটির প্রয়োজনীতা বিশ্লেষণ কর। ৪